



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/1/2020

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

যেহেতু শরণকাল আসছে, গভর্নর কুওমো কৃষি পর্যটন ব্যবসার জন্য নতুন রাষ্ট্রীয় নির্দেশিকা ঘোষণা করেন

নির্দেশিকা কর্ন মেজেস, আপনার নিজস্ব ফল/সবজির পিক অপারেশন, হেরাইডস এবং হান্টেড হাউজগুলির ক্ষেত্রে প্রযোজ্য

নির্দেশিকা পাওয়া যাবে এখানে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ কৃষি পর্যটন ব্যবসার জন্য নতুন রাষ্ট্রীয় নির্দেশিকা ঘোষণা করেছেন যেহেতু নিউ ইয়র্ক স্টেটে শরণ মৌসুম শুরু হয়েছে। যে ব্যবসার মধ্যে কর্ন মেজেস, আপনার নিজস্ব ফল এবং সবজির পিক অপারেশন, হেরাইডস এবং হান্টেড হাউজগুলি অন্তর্ভুক্ত, সেগুলি কম ঝুঁকিপূর্ণ আউটডোর শিল্প এবং বিনোদন হিসেবে বিবেচিত হয় এবং [নিউ ইয়র্কের NY ফরওয়ার্ড নির্দেশিকার](#) অধীনে কাজ করার অনুমতি দেওয়া হয়। এছাড়াও নিউ ইয়র্কবাসীগণ স্টেটের কৃষকদের বাজার এবং নৈপুণ্য পানীয় ট্রেইল পরিদর্শন করতে পারেন, যা স্টেটের কৃষি এবং পর্যটনকে সমর্থন করে রাষ্ট্রীয় নির্দেশিকার অধীনে খোলা রয়েছে।

"নিউ ইয়র্ক স্টেটের বিস্ময়কর আউটডোর আকর্ষণ এবং বিনোদনমূলক সুযোগ প্রতি বছর শরতের মৌসুমে পরিবার এবং কমিউনিটির জন্য একটি আশীর্বাদ এবং আমরা চাই নিউ ইয়র্কবাসীরা তাদের পরিবারের সাথে এই সময়টা দায়িত্বশীল এবং নিরাপদে উপভোগ করতে সক্ষম হোক," **গভর্নর কুওমো বলেন।** "আজ ঘোষিত নতুন নির্দেশিকা নিশ্চিত করবে যে এই ব্যবসাগুলো জনগণের জন্য উন্মুক্ত থাকবে, যার ফলে পরিবারগুলো তাদের প্রিয় শরণ কার্যক্রম উপভোগ করতে পারবে এবং আমাদের কৃষক কমিউনিটি এবং স্থানীয় অর্থনীতিকে চাপা করবে।"

স্টেটের কৃষি কমিশনার রিচার্ড এ. বল বলেন, "জাতির অন্যতম শীর্ষ কৃষি স্টেট হিসেবে, নিউ ইয়র্কবাসী ঐতিহ্যগতভাবে ফসল তোলা উদযাপন করতে একত্রিত হয়—আপেল থেকে আপুর থেকে কুমড়ো। এই বছর, যদিও আপনার প্রিয় খামারে পরিস্থিতি একই রকম নাও হতে পারে, আমি আনন্দের সাথে বলতে চাই যে আমরা এখনও কৃষি ফলন এবং অনেক পরিবার-বান্ধব কর্মকাণ্ড উদযাপন করতে পারি। এই নতুন নির্দেশিকার মাধ্যমে, আমরা আশা করি নিউ ইয়র্কবাসীরা নিউ ইয়র্কের সেরা কিছু কৃষিকে নিরাপদ এবং সামাজিকভাবে দূরবর্তী উপায়ে উপভোগ করতে সক্ষম হবে।"

যে ব্যবসাগুলি পুনরায় খুলতে পারে সেগুলি [কম ঝুঁকিপূর্ণ আউটডোর শিল্প ও বিনোদন](#) এবং [গণ পরিবহন](#) নির্দেশিকার আওতাধীন। নির্দেশিকায় অন্তর্ভুক্ত রয়েছে, তবে সীমাবদ্ধ নয়:

কর্ন মেজেস - কম ঝুঁকিপূর্ণ আউটডোর শিল্প ও বিনোদন নির্দেশিকা এবং নিচের শর্তাবলীর সাথে সঙ্গতি রেখে অনুমোদিত:

- হ্রাসকৃত ধারণক্ষমতা
- ফেস কভারিং আবশ্যিক
- ব্যক্তি/দলগুলির মধ্যে সামাজিক দূরত্ব বজায় রাখা

হেরাইডস - গণ পরিবহন নির্দেশিকা এবং নিচের শর্তাবলীর সাথে সঙ্গতি রেখে অনুমোদিত:

- বাধ্যতামূলক ফেস কভারিং
- ব্যক্তি/দলগুলির মধ্যে সামাজিক দূরত্ব আবশ্যিক
- রাইডগুলির মধ্যে প্রায়শই স্পর্শিত পৃষ্ঠগুলি যেমন- হাতল, পরিষ্কার এবং স্যানিটাইজ করা

আপনার নিজস্ব ফল/সবজির পিক- অপারেশন - কম ঝুঁকিপূর্ণ আউটডোর শিল্প ও বিনোদন নির্দেশিকা এবং নিচের শর্তাবলীর সাথে সঙ্গতি রেখে অনুমোদিত:

- হ্রাসকৃত ধারণক্ষমতা
- ফেস কভারিং আবশ্যিক

- ব্যক্তি/দলগুলির মধ্যে সামাজিক দূরত্ব বজায় রাখা।

হন্টেড হাউজ – কম ঝুঁকিপূর্ণ ইনডোর শিল্প ও বিনোদন নির্দেশিকা এবং নিচের শর্তাবলীর সাথে সঙ্গতি রেখে অনুমোদিত:

- হ্রাসকৃত ধারণক্ষমতা
- ফেস কভারিং আবশ্যিক
- ব্যক্তি/দলগুলির মধ্যে সামাজিক দূরত্ব বজায় রাখা

পোষা প্রাণীর চিড়িয়াখানা অনুমোদিত নয়।

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব এগ্রিকালচার অ্যান্ড মার্কেট (New York State Department of Agriculture and Markets) কৃষি শিল্পের জন্য একটি পূর্ণাঙ্গ নির্দেশিকা জারি করেছে, যার মধ্যে রয়েছে কৃষকদের বাজারের জন্য নির্দেশিকা এবং এর খাদ্য ও পানীয় উৎপাদকদের জন্য নির্দেশিকা। সকল নির্দেশিকা <https://agriculture.ny.gov/coronavirus> এ পাওয়া যাবে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)